

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৬৪৫

১/ বিবিধ

আরবী

من قرأ القرآن فله مائتا دينار، فإن لم يعطها في الدنيا أعطيتها في الآخرة  
موضوع

أورده ابن الجوزي في "الموضوعات" (1 / 255) من رواية ابن عدي عن عمرو بن جميع عن جويبر عن الضحاک عن النزال بن سبرة عن علي مرفوعا. وقال: "جويبر تالف، وعمرو كذاب". وتعقبه السيوطي (1 / 246) بما لا يجدي كغالب عاداته ثم قال: "وله طريق آخر عن علي موقوفا". قلت: ثم ساقه من رواية البيهقي بإسناده عن عبد الملك بن هارون بن عنتره عن أبيه عن جده عن علي قال: فذكره نحوه. وقال السيوطي: "عبد الملك كذاب وله طريق أخرى ثم ساق الحديث الذي قبله، وفيه دجال، وآخر كذاب كما سبق من كلام السيوطي نفسه، فلا أدري ما فائدة تسويد الصحيفة بإيراده أحاديث هؤلاء الكذابين

বাংলা

৬৪৫। যে ব্যক্তি কুরআন পাঠ করবে তার জন্য একশত দীনার বরাদ্দ রয়েছে। যদি তাকে তা দুনিয়াতে দেয়া না হয়, তাহলে তাকে কি তা আখেরাতে দেয়া হবে।

হাদীছটি জাল।

হাদীছটি ইবনুল জাওয়ী “আল-মাওয়ু’আত” (১/২৫৫) গ্রন্থে ইবনু আদীর বর্ণনা হতে উল্লেখ করেছেন। তিনি আমর ইবনু জামী হতে তিনি জুওয়ায়বির হতে তিনি যাহহাক হতে ... বর্ণনা করেছেন। অতঃপর ইবনুল জাওয়ী বলেনঃ জুওয়ায়বির ধ্বংসপ্রাপ্ত আর আমর মিথ্যুক। সুযুতী (১/২৪৬) অভ্যাসগত ভাবে তার সমালোচনা করে বলেছেনঃ

হাদীছটির আরেকটি মওকুফ সূত্র রয়েছে।

আমি (আলবানী) বলছিঃ অতঃপর তিনি বাইহাকীর বর্ণনা হতে হাদীছটি আব্দুল মালেক ইবনু হারুণ হতে তিনি তার পিতা হতে তিনি তার দাদা হতে তিনি আলী (রাঃ) হতে বর্ণনা করেছেন। সুযুতী বলেনঃ আব্দুল মালেক মিথ্যুক। তার আরেকটি সূত্র রয়েছে। অতঃপর তিনি পূর্বোল্লিখিত হাদীছটি উল্লেখ করেছেন। যার মধ্যে দাজ্জাল বর্ণনাকারী রয়েছেন। এ ছাড়াও আরেকজন মিথ্যুক বর্ণনাকারী রয়েছেন। যেমনটি সুযুতী নিজেই বলেছেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71524>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন